39

দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 SEP 1996

পৃষ্ঠা ... কলাম ... 2

## শিক্ষা দর্শন ঃ লক্ষ্য ও সমাজ শীর্ষক সেমিনার

# শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানোর লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি প্রণয়নের ওপর গুরুত্বারোপ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** 'শিক্ষা দর্শন ঃ লক্ষ্য ও সমাজ' শীর্ষক দিনব্যাপী এক সেমিনারে বক্তারা দেশের শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাবার লক্ষ্যে একটি জাতীয় শিক্ষানীতি প্রণয়নের ওপর গুরুত্ব আরোপ করেছেন। তাঁরা বলেন, ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্টে মানবিক, গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক মূল্যবোধের ওপর জোর দেয়া হয়েছিল। সেই রিপোর্টকে যুগোপযোগী করে গ্রহণ করার জন্য বক্তারা সরকারের প্রতি আহ্বান জানান।
শুক্রবার ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় অডিটরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সকাল দশটা থেকে রাত আটটা পর্যন্ত এ সেমিনারে আটজন প্রবন্ধকার আটটি প্রবন্ধ পাঠ করেন। অনুষ্ঠানের আয়োজক শিক্ষাবার্তা পত্রিকা, শিক্ষা ও সাংস্কৃতিক চর্চা কেন্দ্র এবং কৃষি বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক শিক্ষক ফোরাম।
সকাল দশটায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অধ্যাপক খান সারওয়ার মুরশিদ। বক্তৃতা করেন অধ্যাপক সৈয়দ সাখাওয়াত হোসেন, ডঃ ফ র মাহমুদ হাসান ও অধ্যাপক আলী আনোয়ার। সভাপতিত্ব করেন কৃষি বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সভাপতি ডঃ আনোয়ারুল ইসলাম। উদ্বোধনের পর বিভিন্ন পর্বে বক্তৃতা করেন অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন, অধ্যাপক হাসান আজিজুল হক, অধ্যাপক সনৎকুমার সাহা, অধ্যাপক আবদুল হামিদ লতিফ, অধ্যক্ষ সৈয়দা সামসে আরা হোসেন প্রমুখ। প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ হাসনা বেগম, নিশাত জাহান রানা, অধ্যাপক হায়াত মামুদ, অধ্যাপক যতীন সরকার, অধ্যাপক শহিদুল ইসলাম, অধ্যাপক কেএন রাশেদা প্রমুখ।
অধ্যাপক খান সারওয়ার মুরশিদ প্রধান অতিথির বক্তৃতায় বলেন, শিক্ষা ব্যবস্থাকে সমাজের চাহিদার সাথে তাল মিলিয়ে চলতে হবে। সমাজের চাহিদা ও বাজারের চাহিদা এক নয়। এ বিষয়ে আমাদের সজাগ থাকতে হবে।
অধ্যাপক হাসান আজিজুল হক বলেন, শিক্ষা ব্যবস্থার নামে এ পর্যন্ত যা করা হয়েছে তা নিরর্থক ও বিড়ম্বনাপূর্ণ। তিনি আরও বলেন, এ সমাজে শিক্ষা প্রয়োগের জন্য প্রায়োগিক ক্ষেত্র তৈরি করতে হবে। মাদ্রাসা শিক্ষার নামে এ দেশে ভিখারী তৈরি করা হচ্ছে বলে তিনি অভিমত প্রকাশ করেন।
ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন বলেন, আমাদের জাতীয় জীবনের দর্শন স্থির করতে না পারলে শিক্ষার দর্শন স্থির করা সম্ভব নয়। তিনি কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট প্রয়োজনীয় সংস্কার করে তা বাস্তবায়নের আহ্বান জানান।